

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮ ১৮

আগরতলা, ২২ জুন, ২০২২

**মধ্য গণকি এলাকায় প্যালিয়াটিভ কেয়ার**

চেবরী স্বাস্থ্যকেন্দ্রের আওতাধীন মধ্য গণকি হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার এলাকার প্যালিয়াটিভ কেয়ার কর্মসূচির অধীন স্বাস্থ্যকর্মীরা বাড়িতে গিয়ে পরিদর্শনের মাধ্যমে দুরারোগ্য ব্যাধিতে শয্যাশায়ী রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করছেন। বাড়িতে গিয়ে নিয়মিতভাবে স্বাস্থ্য পরিষেবা প্রদানের ঘটনায় রোগীর আত্মীয় পরিজনরা স্বাস্থ্য দপ্তরের ভূমিকায় খুশি। গত ১৫ জুন মধ্য গণকির বাসিন্দা স্ট্রোকের ফলে প্যারালাইসিসে আক্রান্ত মনিলাল তেলঙ্গার (৭৫) বাড়িতে কমিউনিটি হেলথ অফিসার প্রাঞ্জল কান্তি শীল, এমপিডব্লিও উমা নাগ এবং আশা ফেসিলিটেটরসহ স্বাস্থ্যকর্মীরা যান। সেখানে তারা তার রক্তচাপ মাপা, রক্তে শর্করা পরিমাপ করা, ম্যালেরিয়া ও অ্যানিমিয়ার লক্ষণ রয়েছে কিনা ইত্যাদি পরীক্ষাসহ বিভিন্ন পরিষেবা দেন। ইতিপূর্বে কোভিড-১৯ প্রতিরোধে দুটি টিকা তার বাড়িতে গিয়েই প্রদান করেন স্বাস্থ্যকর্মীরা। তিনি বেশ কিছুদিন ধরেই শয্যাশায়ী। বহু কষ্ট করে বিছানায় বসতে পারেন। তাকে ভিটামিন বি কমপ্লেক্স, জিঙ্ক ট্যাবলেট, ও আর এস সহ বিভিন্ন ওষুধপত্রও দেওয়া হয়। পাশাপাশি রোগীকে পুষ্টিকর খাদ্য গ্রহণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখাসহ বিভিন্ন স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে পরামর্শ দেওয়া হয়।

এছাড়াও হোম বেসড নিউবর্ন কেয়ার কর্মসূচিতে উক্ত এলাকায় আশাকমী ও আশা ফেসিলিটেটর বাড়ি বাড়ি পরিদর্শনের মাধ্যমে নবজাত শিশু ও গর্ভবতী মায়েদের স্বাস্থ্য পরীক্ষা করছেন। প্রয়োজনে কমিউনিটি হেলথ অফিসারও বাড়িতে গিয়ে পরিষেবা দেন। পরিদর্শনকালে শিশুর মায়েদেরকে বুকের দুধ পান করানোর সঠিক কৌশল প্রদর্শন করার পাশাপাশি শিশুকে ছয় মাস বয়স পর্যন্ত শুধুমাত্র মায়ের বুকের দুধ পান করানো ও ছয় মাস পর মায়ের বুকের দুধের পাশাপাশি অন্যান্য সহায়ক যথাযথ পুষ্টিকর খাদ্য খাওয়ানো এবং সময় মতো টিকাকরণ করানোর জন্য পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করেন স্বাস্থ্যকেন্দ্রের আশাকমী ও আশা ফেসিলিটেটর। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*